শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

# হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি), দিনাজপুর

ফোন ঃ ৮৮০-৫৩১-৫১১৩৫, ফ্যাক্স ঃ ৮৮০-৫৩১-৬১৩১১, web: www.hstu.ac.bd

স্মারক নং-হাবিপ্রবি/সংস্থা./সি-১০/২০০৬(অংশ-১)/৯৬৫৩ তারিখঃ ০৮/১১/২০২১ খ্রী.

## নিয়োগ বিজ্ঞপ্তি

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত শূণ্য পদ সমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম, বেতনস্কেল, গ্রেড, বিভাগ ও পদসংখ্যা | পদের জন্য বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|
| **প্রভাষক (টাকা ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯)**<br>১) কৃষিতত্ত্ব -০২টি<br>২) উদ্যানতত্ত্ব -০৩টি<br>৩) মৃত্তিকা বিজ্ঞান -০৩টি<br>৪) কীটতত্ত্ব -০১টি<br>৫) উদ্ভিদ রোগতত্ত্ব -০২টি<br>৬) কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন -০১টি<br>৭) ফসল শারীরতত্ত্ব ও পরিবেশ -০১টি<br>৮) কৃষি সম্প্রসারণ -০৩টি<br>৯) কৃষি রসায়ন -০২টি<br>১০) কৃষি বনায়ন ও পরিবেশ -০১টি<br>১১) বায়োকেমিস্ট্রি অ্যান্ড মলিকুলার বায়োলজি -০২টি<br>১২) এগ্রিকালচারাল অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং -০৪টি<br>১৩) ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন -০২টি<br>১৪) ফুড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি -০২টি<br>১৫) ফুড সায়েন্স অ্যান্ড নিউট্রিশন -০১টি<br>১৬) আর্কিটেকচার -০২টি<br>১৭) সিভিল ইঞ্জিনিয়ারিং -০২টি<br>১৮) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং -০২টি<br>১৯) কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং -০২টি<br>২০) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং -০৩টি<br>২১) ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং -০২টি<br>২২) একাউন্টিং -০২টি<br>২৩) ম্যানেজমেন্ট -০২টি<br>২৪) মার্কেটিং -০২টি<br>২৫) ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং -০২টি<br>২৬) রসায়ন -০২টি<br>২৭) পদার্থ বিজ্ঞান -০২টি<br>২৮) গণিত -০২টি<br>২৯) পরিসংখ্যান -০২টি<br>৩০) ইংরেজি -০২টি<br>৩১) অর্থনীতি -০২টি<br>৩২) সমাজ বিজ্ঞান -০২টি<br>৩৩) ডেইরি অ্যান্ড পোল্ট্রি সায়েন্স -০১টি (ডেইরি সায়েন্স বিষয়ে)<br>৩৪) প্যাথলজি অ্যান্ড প্যারাসাইটোলজি -০১টি (প্যারাসাইটোলজি বিষয়ে)<br>৩৫) এনিম্যাল সায়েন্স অ্যান্ড নিউট্রিশন -০১টি<br>৩৬) ফিসারিজ বায়োলজি অ্যান্ড জেনেটিক্স -০১টি | **প্রভাষক পদের জন্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ (বয়স সর্বোচ্চ ৩০ বছর)**<br><br>**ক) টেকনিক্যাল বিষয়/ডিগ্রি সমূহঃ**<br>প্রার্থীর স্নাতক ডিগ্রি (৪ বছর মেয়াদী) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিভাগীয়/সমপর্যায়ভুক্ত বিষয়ে হতে হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে যে কোন একটিতে ন্যূনতম ২য় বিভাগ/সমতুল্য গ্রেড এবং অন্য সকল স্তরে ১ম বিভাগ/শ্রেণী/সমতুল্য গ্রেড থাকতে হবে। ১ম শ্রেণী/সমতূল্য গ্রেড প্রাপ্ত স্নাতকোত্তর ডিগ্রিধারীরা অগ্রাধিকার পাবেন।<br><br>**খ) নন-টেকনিক্যাল বিষয়/ডিগ্রি সমূহঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিভাগীয়/সমপর্যায়ভুক্ত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক স্তরে যে কোন একটিতে ন্যূনতম ২য় বিভাগ/সমতুল্য গ্রেড থাকতে হবে। স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে ন্যূনতম ২য় শ্রেণী/সমতূল্য গ্রেড থাকতে হবে। তবে, ৩ (তিন) বছর মেয়াদী স্নাতক ডিগ্রির ক্ষেত্রে অবশ্যই ১ম শ্রেণী/সমতূল্য গ্রেডের স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। সমাজ বিজ্ঞান ও ইংরেজি বিষয়ের ক্ষেত্রে স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে প্রথম শ্রেণী/সমতুল্য গ্রেড থাকা সংক্রান্ত শর্ত শিথিল করা যেতে পারে।<br><br>উপরোক্ত সকল পদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতির জন্য সিজিপিএ ৫ এর মধ্যে কমপক্ষে ৪ এবং সিজিপিএ ৪ এর মধ্যে কমপক্ষে ৩.৫ প্রথম শ্রেণীর সমতুল্য এবং সিজিপিএ ৫ এর মধ্যে কমপক্ষে ৩.৫ এবং সিজিপিএ ৪ এর মধ্যে কমপক্ষে ৩.০ দ্বিতীয় শ্রেণীর সমতুল্য বলে বিবেচিত হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/সমতুল্য গ্রেড থাকা চলবে না। |

**শর্তাবলীঃ**

১) আগ্রহী প্রার্থীদের অবশ্যই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.hstu.ac.bd) হতে নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচপত্র বা জন্মনিবন্ধনপত্র, পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে) পত্রাদির সত্যায়িত কপিসহ মোট ৮ (আট) সেট (মূলকপি ১ সেট এবং মূল কপির ফটোকপি ৭ সেট) আবেদনপত্র জমা দিতে হবে।

২) জনপ্রশাসন মন্ত্রণালয় এর ১৯/০৮/২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩ স্মারক অনুযায়ী সরকারি চাকরিতে (বিসিএস ব্যতীত) সরকারি নিয়োগের লক্ষ্যে ৩১-১২-২০২১ তারিখ পর্যন্ত প্রকাশিতব্য বিজ্ঞপ্তিতে প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা ২৫-০৩-২০২০ তারিখে নির্ধারিত হবে। বিধায় আবেদনপত্রে প্রার্থীর বয়স ২৫/০৩/২০২০ খ্রী. তারিখ অনুযায়ী উল্লেখ করতে হবে।

৩) আবেদনপত্র প্রেরণ করার সময় খামের উপর পদের নাম, বিভাগ ও সংরক্ষিত কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে। প্রত্যেকটি আবেদনপত্রের সাথে **"রেজিস্ট্রার, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর"** বরাবর ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (রূপালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা থেকে) সংযোজন করতে হবে।

৪) আবেদনপত্র আগামী ১৫/১২/২০২১ খ্রী. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অবশ্যই ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে/ব্যক্তিগত ভাবে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে/জমা দিতে হবে।

৫) চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৬) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭) সরকারি বিধি মোতাবেক সকল কোটা সংরক্ষিত করা হবে। এই ক্ষেত্রে আবেদনে উল্লেখসহ প্রয়োজনীয় প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

৮) নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের (হাবিপ্রবি) সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত।

৯) স্মারক নং-হাবিপ্রবি/সংস্থা./৫৪৬৫, তারিখঃ ২৩/১২/২০১৯ খ্রী. মূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যেসব প্রার্থী আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

১০) স্মারক নং-হাবিপ্রবি/সংস্থা./নি-৫/২০০৫/৫৮২৬, তারিখঃ ২৮/০১/২০২০ খ্রী. মূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী ফিসারিজ বায়োলজি অ্যান্ড জেনেটিক্স এবং অর্থনীতি বিভাগে যেসব প্রার্থী আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

*বিঃ দ্রঃ লিখিত/মৌখিক পরীক্ষার বিস্তারিত সময়সূচী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ (www.hstu.ac.bd) জানানো হবে।*

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

০৮-১১-২০২১

(বীর মুক্তিযোদ্ধা প্রফেসর ডা. মো. ফজলুল হক)
রেজিস্ট্রার (অ. দা.)